

তারিখ: ২৩ নভেম্বর ২০২০

শোকবার্তা

তথ্য কমিশনের উপপরিচালক (প্রশাসন) ও বি.সি.এস.(প্রশাসন) ক্যাডারের ১০ম ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ সিরাজুল ইসলাম খান-এর মৃত্যুতে তথ্য কমিশন গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত।


জনাব মোঃ সিরাজুল ইসলাম খান করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত ছিলেন। তিনি ২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৬.২০ ঘটিকায় মুগদাপাড়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব মোঃ সিরাজুল ইসলাম খান সরকারি চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, অমায়িক ও আকর্ষণীয় গুণাবলী সম্পন্ন কর্মকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তাঁর এ মৃত্যুতে দেশ ও জাতি একজন মহান ব্যক্তিকে হারাল। দেশ ও জাতির জন্য তাঁর অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার চিরশান্তি ও মাগফেরাত কামনা করছি।

মহান আল্লাহ রাক্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

তথ্য কমিশনের পক্ষে



মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন